

■■ কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

২৪৬. কারোর সম্মান কিংবা প্রশংসায় যে কোন ধরনের বাড়াবাড়ি করা

'উমর (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: আমি নবী (সা.) কে বলতে শুনেছি যে, তিনি বলেন:

لاَ تُطْرُونِيْ كَمَا أَطْرَتِ النَّصَارَى ابْنَ مَرْيَمَ ، فَإِنَّمَا أَنَا عَبْدُهُ ، فَقُوْلُواْ: عَبْدُ اللهِ وَرَسُولُهُ

"তোমরা আমার প্রশংসা করতে গিয়ে কখনো বাড়াবাড়ি করোনা যেমনিভাবে বাড়াবাড়ি করেছে খ্রিষ্টানরা 'ঈসা বিন্ মারয়াম্ (আঃ) এর ব্যাপারে। আমি কেবল আল্লাহ্ তা'আলার বান্দাহ্। সুতরাং তোমরা আমার ব্যাপারে বলবে: তিনি আল্লাহ্ তা'আলার বান্দাহ্ এবং তদীয় রাসূল"।[1]

আব্দুল্লাহ্ বিন্ শিখখীর (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: আমি বনু 'আ'মির গোত্রের এক প্রতিনিধি দলের সাথে রাসূল (সা.) এর নিকট গেলাম। অতঃপর আমরা রাসূল (সা.) কে সম্বোধন করে বললাম: আপনি আমাদের সাইয়েদ! রাসূল (সা.) বললেন: সাইয়েদ হচ্ছেন আল্লাহ্ তা'আলা। আমি নই। তখন আমরা বললাম: আপনি আমাদের মধ্যে শ্রেষ্ঠ ও প্রতিপত্তিশীল! তখন তিনি বললেন:

قُوْلُواْ بِقَوْلِكُمْ أَوْ بَعْضِ قَوْلِكُمْ ، وَلاَ يَسْتَجْرِيَنَّكُمُ الشَّيْطَانُ

"তোমরা এমন কিছু বলতে পারো। তবে এ কথা সর্বদা মনে রাখবে যে, শয়তান যেন কখনো তোমাদেরকে নিজ কাজের জন্য প্রতিনিধি বানিয়ে না নেয়"।[2]


আনাস্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

يَا أَيُّهَا النَّاسُ! عَلَيْكُمْ بِتَقْوَاكُمْ ، وَلاَ يَسْتَهْوِيَنَّكُمُ الشَّيْطَانُ أَنَا مُحَمَّدٌ بْنُ عَبْدِ اللهِ، أَنَا عَبْدُ اللهِ وَرَسُوْلُهُ، وَاللهِ مَا أُحِبُّ أَنْ تَرْفَعُونِيْ فَوْقَ مَنْزلَتِيَ الَّتِيْ أَنْزَلَنِيَهَا اللهُ .

"হে মানুষ সকল! তোমরা আল্লাহ্ তা'আলাকে ভয় করো। এ কথা সর্বদা মনে রাখবে যে, শয়তান যেন কখনো তোমাদেরকে নিজ ইচ্ছা মতো চালাতে না পারে। আমি হচ্ছি আব্দুল্লাহ্'র ছেলে মুহাম্মাদ্। আমি হচ্ছি আল্লাহ্ তা'আলার বান্দাহ্ এবং তদীয় রাসূল। আল্লাহ্'র কসম! আমি এ কথা পছন্দ করি না যে, তোমরা আমাকে আমার সেই অবস্থান থেকে আরো উপরে উঠিয়ে দিবে যে অবস্থানে মূলতঃ আল্লাহ্ তা'আলা আমাকে রেখেছেন"।[3]

ফুটনোট

- [1] (বুখারী, হাদীস ৩৪৪৫, ৬৮৩০)
- [2] (আবু দাউদ, হাদীস ৪৮০৬)





[3] (আক্ষাদ্ ৩/১৫৩, ২৪১)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=11496

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন